**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 5/3/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল ভবিষ্যতের জন্য একটি আরো বলীয়ান স্বাস্থ্যসেবা ব্যবস্থা তৈরির জন্য বিনিয়োগ ঘোষণা করলেন

***2024 অর্থবছরের বাজেট উচ্চমানের স্বাস্থ্যসেবায় বিনিয়োগ করে; বৈষম্য এবং নিউ ইয়র্কবাসীদের জরুরি স্বাস্থ্যসেবা চাহিদা নিয়ে কাজ করে***

***হাসপাতাল, নার্সিং হোম, এবং সহায়ক থাকার ব্যবস্থার জন্য মেডিকেইড ব্যয়পূরণে দুই দশকের মধ্যে সর্ববৃহৎ বৃদ্ধি বাজেটে অন্তর্ভুক্ত রয়েছে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে 2024 অর্থবছরের প্রণীত বাজেটের অংশ হিসেবে, বর্তমান এবং ভবিষ্যৎ উভয়ের জন্য নিউ ইয়র্ক স্টেটে আরো বলীয়ান একটি স্বাস্থ্যসেবা ব্যবস্থা তৈরির জন্য রূপান্তরকারী ব্যবস্থা পাশ করানো হয়েছে। প্রণীত বাজেটটি স্টেটের স্বাস্থ্যসেবা ব্যবস্থাকে সমর্থন করতে অতিরিক্ত 22 বিলিয়ন মার্কিন ডলার একাধিক বছরের বিনিয়োগ প্রদান করে, যার মধ্যে রয়েছে সেবাদানকারীদের জন্য অতিরিক্ত 1 বিলিয়ন মার্কিন ডলার এবং নিম্ন আয়ের নিউ ইয়র্কবাসীদের জন্য 7.8 মিলিয়ন মার্কিন ডলারের বেশি সম্প্রসারিত মেডিকেইড সুবিধা।

"নিউ ইয়র্কের দেশের সেরা স্বাস্থ্যসেবা ব্যবস্থার মাধ্যমে, আমরা বৈষম্য দূর করা এবং আমাদের স্টেটের সকলের কাছে যাতে সম্ভাব্য সেরা সেবা উপলভ্য থাকে তা নিশ্চিত করার গুরুত্বপূর্ণ কাজ অব্যাহত রাখছি," **গভর্নর হোকল বলেন।** "এই বিনিয়োগগুলি আমাদের স্বাস্থ্যসেবা ব্যবস্থার মান উন্নত করবে, সেবা পাওয়ার সুযোগকে আরো সমতার করবে, এবং পুরো নিউ ইয়র্ক স্টেটে ভবিষ্যতের স্বাস্থ্য সেবা চাহিদা পূরণ করতে আমরা যাতে ভালোভাবে প্রস্তুত থাকি তা নিশ্চিত করবে।"

2024 অর্থবছরের প্রণীত বাজেটে উল্লেখযোগ্য কিছু মেডিকেইড ব্যয়পূরণের হার বৃদ্ধি রয়েছে - ইনপেশেন্ট হাসপাতাল সেবার জন্য **7.5 শতাংশ বৃদ্ধি, নার্সিং হোমের জন্য 7.5 শতাংশ পর্যন্ত বৃদ্ধি, আউটপেশেন্ট হাসপাতাল সেবার জন্য এবং সহায়ক থাকার ব্যবস্থা প্রদানকারীদের জন্য 6.5 শতাংশ বৃদ্ধি,** যা হলো দুই দশকের মধ্যে সর্ববৃহৎ হার বৃদ্ধি। নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য সেবা ব্যবস্থাকে স্থিতিশীল করার জন্য রূপান্তরমূলক এই পরিবর্তন স্বাস্থ্য সেবা প্রদানকারীদের জন্য **1.2 বিলিয়ন মার্কিন ডলার বার্ষিক স্থূল সুবিধা নিয়ে আসবে,**

**তার সাথে থাকবে আর্থিকভাবে চাপে পড়া হাসপাতালগুলির সমর্থন করার জন্য 500 মিলিয়ন মার্কিন ডলার।**

রূপান্তরকারী স্বাস্থ্যসেবা বিনিয়োগ চালিত করার জন্য বাজেট **1 বিলিয়ন মার্কিন ডলারের একাধিক বছরের স্বাস্থ্য সেবা মূলধন কর্মসূচি প্রদান করে**, যার মধ্যে রয়েছে প্রযুক্তি ও সাইবার নিরাপত্তায় বিনিয়োগ সমর্থন করার জন্য 500 মিলিয়ন মার্কিন ডলার।

**2030 সালের মধ্যে ওয়ার্ডসওয়ার্থ ল্যাবেরেটরিজের (Wadsworth Laboratories) পাঁচটি বিচ্ছিন্ন সাইটকে অ্যালবানির ডব্লিউ. অ্যাভেরেল হ্যারিম্যান ক্যাম্পাসের (W. Averell Harriman Campus) একটি সাইটে একত্রীকরণ করার কাজের সম্পূর্ণ অর্থায়নের জন্য বাজেট 1.7 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে।** একত্রীকরণ নিশ্চিত করবে যাতে আমাদের দেশের সেরা সরকারি স্বাস্থ্য গবেষণা পরীক্ষাগার নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য সুরক্ষার জন্য অতি গুরুত্বপূর্ণ অত্যাধুনিক বায়োমেডিকেল ও পরিবেশ সংক্রান্ত গবেষণা চালিয়ে যেতে পারে।

স্বাস্থ্য সমতার ব্যাপারে গভর্নর হোকলের মনোযোগের অংশ হিসেবে, এই বছরের বাজেটে **মেডিকেইড সুবিধাভোগীদের জন্য আওতা বৃদ্ধি করা এবং প্রতিরোধমূলক ও প্রাথমিক চিকিৎসা সেবা পাওয়ার সুযোগ সম্প্রসারিত করতে 419 মিলিয়ন মার্কিন ডলার স্থূল বিনিয়োগ রয়েছে।** এই বিনিয়োগগুলির মধ্যে রয়েছে ধাত্রী, কমিউনিটি স্বাস্থ্যকর্মী, পুষ্টিবিদ, শিশুদের জন্য থেরাপি সেবা, এবং শিশুদের ও গর্ভবতী ব্যক্তিদের জন্য স্ক্রিনিং, সমর্থক আবাসন পাওয়ার সুযোগ, এবং প্রাথমিক চিকিৎসার জন্য বর্ধিত হার, স্কুলভিত্তিক স্বাস্থ্যকেন্দ্র, এবং টিকা প্রয়োগ ইত্যাদির জন্য তহবিল।

এছাড়াও বাজেটে **মেডিকেইড বাই-ইন কর্মসূচি সম্প্রসারিত করার জন্য 120 মিলিয়ন মার্কিন ডলার স্থূল বিনিয়োগ রয়েছে** যা 2025 অর্থবছরে শুরু হবে যাতে করে অক্ষমতাসহ নিউ ইয়র্কবাসীরা কাজ করতে পারে এবং তা সত্ত্বেও স্বাস্থ্য সেবার আওতায় আসতে পারে।

স্টেটব্যাপী সর্বোচ্চ ঝুঁকির এলাকাগুলিতে সীসা বিষক্রিয়া থেকে শিশুদের সুরক্ষা প্রদানের জন্য, বাজেট ভাড়ার সম্পত্তিতে **সীসার সংস্পর্শে আসার ঝুঁকি হ্রাস করতে** 39 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করে। স্থানীয় স্বাস্থ্য বিভাগসমূহ একটি নতুন আবাসন পরিদর্শন এবং প্রয়োগ কর্মসূচি বাস্তবায়ন করবে যা 24টি অত্যন্ত ঝুঁকিপূর্ণ মিউনিসিপ্যালিটিতে 1980 সালের পূর্বে দুই পরিবার বা একাধিক পরিবারের জন্য নির্মিত ভাড়ার ইউনিটের মালিকদের জন্য প্রতি তিন বছর পরপর তাদের ইউনিট সীসা থেকে নিরাপদ তা প্রত্যয়িত করতে হবে।

বাজেট **জরুরি মেডিকেল সেবা (Emergency Medical Services, EMS)** ব্যবস্থা বলীয়ান করার জন্য উল্লেখযোগ্য বিনিয়োগ করবে। এর মধ্যে রয়েছে স্টেটের জরুরি মেডিকেল সেবা ব্যবস্থা পুনরুজ্জীবিত করতে 8 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ এবং মেডিকেল পরিবহনের ব্যয়পূরণের হার বৃদ্ধি করতে 36 মিলিয়ন মার্কিন ডলার স্থূল বিনিয়োগ।

আগামী দুই বছরে বাস্তব সময়ে স্বাস্থ্য তথ্যকে সামাজিক ও দুরারোগ্য অবস্থার ঝুঁকির ক্ষেত্রগুলি সমন্বিত করবে এমন একটি নতুন প্ল্যাটফর্ম তৈরির জন্য 28 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ ও সেই সাথে ইলেক্ট্রনিক স্বাস্থ্য রেকর্ড সংযোগ বৃদ্ধি করার জন্য বাড়তি বিনিয়োগ করার মাধ্যমে সরকারি স্বাস্থ্য সঙ্কটের সময় অবগত অভীষ্ট ও যথাযথ সাড়াদানের জন্য এবং স্বাস্থ্যসেবার ক্ষেত্রে আরো প্রসারিত অন্তর্দৃষ্টি পেতে একটি **নতুন দেশের সেরা স্বাস্থ্য পর্যবেক্ষণ ও নজরদারি ব্যবস্থা** তৈরি বাজেটে সমর্থিত হবে।

এছাড়াও বাজেটে বিশেষ করে তরুণদের মধ্যে তামাকের ব্যবহার হ্রাস করার জন্য এবং তামাক ছেড়ে দেওয়াকে প্রণোদিত করার জন্য **সিগারেট কর 1.00 মার্কিন ডলার করে বৃদ্ধি করা হয়েছে।** এর ফলে NYS দেশের সবথেকে দৃঢ় সিগারেট করসহ স্টেট হবে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন